বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
পানি ভবন, (নীচ তলা),৭২ গ্রীন রোড,ঢাকা-১২১৫
E-mail: dir.estate@bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৫.০৩৫.০১.২০২১-৩৫৫ তারিখ : ২৯-১১- ২০২১ খ্রিঃ।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সচিবালয়ের স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.০৫.০১১.২০-৩৪৬ তারিখ: ১৪-১০-২০২১ খ্রিঃ পত্রখানার ছায়ালিপি সংযুক্ত করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির গত ০৬ জুন, ২০২১ খ্রিঃ তারিখের সভার ১নং সিদ্ধান্ত মোতাবেক বোর্ডের প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পে ব্যবহৃত যানবাহন (গাড়ী, জলযান ও মোটর সাইকেল) সরকারী কেন্দ্রীয় যানবাহন পুলে জমা প্রদানের উদ্দেশ্যে সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকার অনুকুলে ন্যস্ত করার জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

সংযুক্তিঃ- বর্ণনামতে।

২৯/১১/২১

(মোঃ আনোয়ারুল কামাল)
পরিচালক
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর,
বাপাউবো, ঢাকা।

প্রকল্প পরিচালক (সকল)

স্মারক নং-৪২.০১.০০০০.০২৫.০৩৫.০১.২০২১-৩৫৫ তারিখ : ২৯-১১-২০২১ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, বোর্ড সচিবারয়, বাপাউবো, ঢাকা। ইহা তাঁর দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.০৫.০১১.২০-৩৪৬ তাং ১৪ অক্টোবর, ২০২১ এর বরাতক্রমে।

২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রখানা বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

২৯/১১/২০২১ খ্রিঃ

(মোঃ আব্দুস ছাত্তার)
উপ-পরিচালক (যান)
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর,
বাপাউবো, ঢাকা।

প্রাপ্তি নং ৭০২ তারিখঃ ২৯/১১/২১
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
পেশ করুন
রাখুন
তাগিদ পত্র দিন
সিস্টেম এনালিস্ট
আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

## সচিবালয়

ফোন ঃ ০২২২২২৩০০৫৩
ই-মেইল ঃ bwdbsecretary@gmail.com
ওয়েবসাইট ঃ www.bwdb.gov.bd

পানি ভবন (লেভেল-৭), ৭২, গ্রীন রোড
ঢাকা-১২০৫

Phone : 02222230053
e-mail : bwdbsecretary@gmail.com
website : www.bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.০৫.০১১.২০-৩৪৬

তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৮ বঃ
১৪ অক্টোবর ২০২১ খ্রিঃ

**বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০২১-২২ অর্থ বছরের চুড়ান্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অনুঃ ২.৪ নং কার্যক্রম প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অবহিত করা যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড নৈতিকতা কমিটির ০৬ জুন, ২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২.৪ নং কার্যক্রম "প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন,কম্পিউটার,আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা" এর আলোকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সমাপ্ত প্রকল্পের যানবাহন, কম্পিউটার,আসবাবপত্র ইত্যাদি বিধি মোতাবেক হস্তান্তরের জন্য নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) বাপাউবো'র প্রকল্প সমাপ্তি শেষে ব্যবহৃত যানবাহন সরকারি কেন্দ্রীয় পরিবহন পুলে জমা প্রদানের উদ্দেশ্যে সওয়া পরিদপ্তরে ন্যস্ত করতে হবে। বোর্ডের সওয়া পরিদপ্তর প্রকল্প হতে জমাকৃত যানবাহন সংক্রান্ত তথ্য বোর্ড সচিবালয়কে অবহিত করবে।

(২) প্রকল্প সমাপ্তি শেষে ব্যবহৃত কম্পিউটার, আসবাবপত্র ও অন্যান্য সরঞ্জাম ইত্যাদি বোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন দপ্তরে ব্যবহার করার জন্য সরবরাহ করতে পারবে।

(৩) প্রকল্প সমাপ্তির পূর্বেই স্ব স্ব প্রকল্প পরিচালক অকেজো কম্পিউটার, আসবাবপত্র ও অন্যান্য সরঞ্জাম পাসম এর প্রতিনিধি মনোনয়ন করতঃ নিলাম কমিটির মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে তাঁর অধিক্ষেত্রের প্রকল্পের গাড়ি/গাড়িসমূহ (সংখ্যা নিরুপন করতঃ) জনপ্রশাসন মন্ত্রণালয় (সাবেক সংস্থাপন মন্ত্রণালয়) এর ০৮ জানুয়ারি, ২০০৬ এর পরিপত্র অনুযায়ী সরকারি কেন্দ্রীয় পরিবহন পুলে জমা প্রদানের নিমিত্ত বোর্ডের সম্পত্তি ও যানবাহন পরিদপ্তরে ন্যস্ত করার জন্য অনুরোধ করা হলো এবং উপর্যুক্ত অনুচ্ছেদ (২) ও (৩) এর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতঃ অগ্রগতি প্রতিবেদনের একটি অনুলিপি বোর্ড সচিব বরাবর প্রেরণ করার জন্যও অনুরোধ জানানো হলো।

২। এ পত্র প্রেরণে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ ১। ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা।
২। ২০২০-২১ অর্থ বছরে সমাপ্তকৃত প্রকল্পের তালিকা।
৩। জনপ্রশাসন মন্ত্রণালয় (সাবেক সংস্থাপন মন্ত্রণালয়) এর পরিপত্র।

১৪/১০/২০২১
মোঃ মুজিবুর রহমান
সচিব
এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা-NIS
বাপাউবো, ঢাকা।

প্রাপক
প্রকল্প পরিচালক (সমাপ্ত প্রকল্প)
------------------------
------------------------

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে):

১. পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (সমাপ্ত প্রকল্পের গাড়ি/গাড়িসমূহ গ্রহণ করতঃ সরকারি পরিবহন পুলে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
২. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৩. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে):

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।